অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/22/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এবং অ্যাটর্নি জেনারেল জেমস টোনাওয়ান্ডা সম্প্রদায়ের 14টি পরিবেশের জন্য লাভজনক প্রকল্পে 909,384 মার্কিন ডলার প্রদানের ঘোষণা করলেন

গ্রেটার বাফেলোর কমিউনিটি ফাউন্ডেশন 14টি সম্প্রদায়-নির্বাচিত পরিবেশের জন্য ও উন্নয়ন প্রকল্পে অনুদান পরিচালনা করবে

উপযুক্ত বাসিন্দাদের জমাকৃত প্রায় 3,000 ব্যালট দ্বারা অনুদান প্রদান নির্দেশিত হয়েছে

গভর্নর ক্যাথি হোকল এবং অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস আজকে প্রাক্তন টোনাওয়ান্ডা কোক কর্পোরেশন (Tonawanda Coke Corporation, TCC) ফ্যাসিলিটিতে হওয়া পরিবেশ সংক্রান্ত লঙ্ঘনের জন্য পূর্বের মীমাংসা অনুযায়ী টোনাওয়ান্ডা সম্প্রদায়ের 14টি পরিবেশের জন্য লাভজনক প্রকল্পে 909,384 মার্কিন ডলার প্রদানের ঘোষণা করলেন। গ্রেটার বাফেলোর কমিউনিটি ফাউন্ডেশন (Community Foundation of Greater Buffalo, CFGB) কর্তৃক পরিচালিত অনুদানসমূহ হবে 5,000 থেকে 250,000 মার্কিন ডলার সীমার মধ্যে এবং এগুলি সরাসরি সম্প্রদায়-উন্নয়ন এবং পরিবেশ সংক্রান্ত প্রকল্পে যাবে যেগুলি একটি সম্প্রদায়ব্যাপী ব্যালট প্রক্রিয়ার মাধ্যমে নির্ণীত সম্প্রদায়ের পছন্দের অগ্রাধিকারের ভিত্তিতে বাছাই করা হয়েছে।

"যখন প্রাক্তন টোনাওয়ান্ডা কোক ফ্যাসিলিটিতে প্রতিকার প্রচেষ্টা চলছে, তখন আমরা পশ্চিম নিউ ইয়র্কের সর্বাপেক্ষা মূল্যবান সংস্থান সুরক্ষা করার মাধ্যমে অঞ্চলকে আরো শক্তিশালী করছি," **গভর্নর হোকল বলেন।** "টোনাওয়ান্ডা সম্প্রদায় পুরো প্রক্রিয়ার সময় একযোগে ছিলো এবং এখন তাদের কাছে এই সম্প্রদায়-চালিত পরিবেশ সংক্রান্ত ও উন্নয়ন প্রকল্পসমূহের মাধ্যমে নিজেদের পুনঃকল্পনা ও পুনর্বাসন করার সুযোগ রয়েছে। বহু বছরের দূষণের পর আরো অনেক কাজ সেখানে বাকি আছে, কিন্তু এটি একটি আরো স্বাস্থ্যকর ও নিরাপদ সম্প্রদায় তৈরিতে একটি মুখ্য অগ্রগামী ধাপ।"

বছরের পর বছর ধরে, টোনাওয়ান্ডা কোক কর্পোরেশন স্টেট ও ফেডারেল পরিবেশ সংক্রান্ত আইন লঙ্ঘন করেছে। TCC-র জন্য একটি নাগরিক জরিমানা পরিশোধ এবং টোনাওয়ান্ডার পরিবেশ ও জনস্বাস্থ্য রক্ষার জন্য নকশা করা টোনাওয়ান্ডা কমিউনিটি এনভায়রনমেন্টাল বেনিফিট কর্মসূচি (Tonawanda Community Environmental Benefit Program, EBP) নামক অনুদান কর্মসূচিতে 1 মিলিয়ন মার্কিন ডলার প্রদান আবশ্যক করা হয়েছে। মীমাংসার শর্ত অনুযায়ী, চূড়ান্ত অনুদান প্রকল্পের আবেদনকারীদের কাছে পৌঁছানোর ফিডুশিয়ারি দায়িত্ব নিউ ইয়র্ক স্টেটের।

অ্যাটর্নি জেনারেল জেমস বলেন, "অনেক বেশি সময় ধরে, টোনাওয়ান্ডা সম্প্রদায়কে সম্প্রদায় ও পরিবেশের সুস্থতার থেকে লাভকে বেশি গুরুত্ব দেয় এমন লোভী কর্পোরেশনের কারণে ভুগতে হয়েছে। এই অনুদানগুলি আগামী প্রজন্মগুলির জন্য টোনাওয়ান্ডার পরিবেশকে পুনর্বাসিত ও পুনর্জীবিত করবে। আমাদের পরিবেশ এবং সেই সাথে আমাদের সম্প্রদায়সমূহের স্বাস্থ্য ও নিরাপত্তা রক্ষা করা ঐচ্ছিক ব্যাপার নয় এবং কোনও কর্পোরেশন যদি এই শর্তের লঙ্ঘন করে তাহলে তাকে আমার অফিসের কাছে জবাবদিহি করতে হবে। আমি এই গুরুত্বপূর্ণ কর্মসূচিতে তাদের সহযোগিতার জন্য DEC-কে ধন্যবাদ জানাচ্ছি।"

ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (Department of Environmental Conservation, DEC) কমিশনার সেগোস বলেন, "তিন বছর আগে, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন আমাদের স্টেট, স্থানীয়, ও ফেডারেল অংশীদারদের সাথে কাজ করে এই সম্প্রদায় ও পরিবেশ রক্ষা করতে টোনাওয়ান্ডা কোক স্থায়ীভাবে বন্ধ করে দিয়েছিলো। এই এককালের কুখ্যাত দূষণকারীকে দায়ী করার জন্য নিউ ইয়র্ক স্টেটের আইন প্রয়োগকারী কর্মকাণ্ড দ্বারা চালিত হয়ে, টোনাওয়ান্ডা কমিউনিটি এনভায়রনমেন্টাল বেনিফিট কর্মসূচি এক ডজনের বেশি অনন্য পরিবেশ সংক্রান্ত প্রকল্পকে সমর্থন করবে যেগুলি সম্পূর্ণ টোনাওয়ান্ডা সম্প্রদায়ের মঙ্গলের জন্য স্থানীয় বাসিন্দারা নির্বাচিত করেছে।"

গ্রেটার বাফেলোর কমিউনিটি ফাউন্ডেশনের নীতি ও কৌশলগত অংশীদারিত্বের (Policy and Strategic Partnerships) সিনিয়র পরিচালক কারা ম্যাটেলিয়ানো বলেন, "আমরা টোনাওয়ান্ডা কমিউনিটি EBP-র উপদেষ্টা প্যানেলের নেতৃত্বের প্রতি পুরো প্রক্রিয়াজুড়ে তাদের উৎসাহ ও সংযুক্তির জন্য কৃতজ্ঞ। এছাড়াও আমরা গভর্নর হোকল, অ্যাটর্নি জেনারেল জেমস, এবং DEC-র প্রতি কৃতজ্ঞ, টোনাওয়ান্ডার এই দলটির সাথে অংশীদারিত্ব করার জন্য, এবং তাদের সম্প্রদায় যাতে সম্পূর্ণভাবে কর্মসূচিতে সম্পৃক্ত থাকে এবং প্রতিটি ধাপে যাতে তাদের কথা শোনা হয় এটি নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গ্রহণে দলটিকে ক্ষমতা প্রদানের জন্য।সম্প্রদায়-নেতৃত্বাধীন প্রকল্পটি হলো পশ্চিম নিউ ইয়র্কের জীবন উন্নত করার জন্য মানুষ, ধারণা, এবং সংস্থানকে কার্যকর ও অর্থপূর্ণভাবে যুক্ত করার একটি উজ্জ্বল উদাহরণ।"
গ্রেটার বাফেলোর কমিউনিটি ফাউন্ডেশন অনুদানগুলি পরিচালনা করবে এবং এটি একটি সম্প্রদায়ের উপদেষ্টা দল স্থাপন করেছে কর্মসূচিটির নকশা ও বাস্তবায়নে সহায়তা করার জন্য, যার মধ্যে থাকবে সম্প্রদায়ের পছন্দ নির্ণয়ে সাহায্য করা। DEC, অ্যাটর্নি জেনারেলের অফিস (Office of the Attorney General, OAG), এবং CFGB কর্মসূচির বিকাশ ও বাস্তবায়নের সকল ক্ষেত্রে একটি 12-সদস্যের সম্প্রদায়ের বাসিন্দাদের নিয়ে গঠিত সম্প্রদায়ের উপদেষ্টা কমিটির সাথে একত্রে কাজ করেছে। অনুদান প্রদান প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত ছিলো প্রস্তাবনার জন্য অনুরোধ করা, স্বাধীন বিশেষজ্ঞদের একটি প্যানেল দ্বারা পর্যালোচনা, এবং আরো বিস্তৃত সম্প্রদায়ের সম্পৃক্ততা। টোনাওয়ান্ডা সম্প্রদায়ের প্রায় 3,000 বাসিন্দা একটি সম্প্রদায়ব্যাপী ব্যালট প্রক্রিয়ার মাধ্যমে তাদের পছন্দের অনুদান প্রাপককে বাছাই করার জন্য ভোট দিয়েছে। স্টেটের নির্বাচিত চূড়ান্ত প্রকল্পগুলি সরাসরি ব্যালট প্রক্রিয়ার ফলাফলের অনুরূপ, যা এখানে পাওয়া যাবে। অনুদান প্রদান CFGB-র সুপারিশেরও প্রতিফলন।

টোনাওয়ান্ডা বাসিন্দা ও টোনাওয়ান্ডা কমিউনিটি EBP উপদেষ্টা প্যানেলের সদস্য টমাস পিওটরাক বলেন, "আমি এই দারুণ লাভজনক কর্মসূচি বিকাশে ও এ ব্যাপারে সম্প্রদায়কে জানাতে টোনাওয়ান্ডা কমিউনিটি EBP উপদেষ্টা প্যানেলে অংশগ্রহণ করে গ্রেটার বাফেলোর কমিউনিটি ফাউন্ডেশনের সাথে কাজ করা দারুণ উপভোগ করেছি।কোভিড-19 মহামারী চলাকালীন সময়ে এতজন পরিবেশের পক্ষে থাকা স্থানীয় স্বেচ্ছাসেবকের সাথে ভার্চুয়ালি কাজ করা অনেক কঠিন ছিলো, কিন্তু আমাদের প্রচেষ্টার ফলাফল ও এটি আমাদের সম্প্রদায়ে যে ইতিবাচক প্রভাব ফেলবে তা খুবই সন্তোষজনক।আমি জড়িত সকলকে তাদের প্রচেষ্টার জন্য, এবং বিশেষ করে NYS DEC ও NYS OAG-কে তাদের সমর্থনের জন্য ধন্যবাদ জানাই।আমি এই অনুদানগুলি টোনাওয়ান্ডা সম্প্রদায়ের জন্য আগামী বছরগুলিতে যে ইতিবাচক প্রভাব নিয়ে আসবে তা দেখতে উন্মুখ।"

কেনমোর গ্রামের বাসিন্দা ও সম্প্রদায় উপদেষ্টা প্যানেলের (Community Advisory Panel) সদস্য জিল ও'ম্যালি বলেন, "আমাদের একত্রে থাকার সময়ে এই প্যানেলটি যে অন্তর্ভুক্ত, স্বচ্ছ প্রক্রিয়া বিবেচনা করেছে তা নিয়ে আমি অত্যন্ত গর্বিত। এই তহবিল উদ্যোগের নীতিমালা তৈরির জন্য প্যানেলের অংশগ্রহণকারীদের প্রচুর সময় ও শক্তি বিনিয়োগ করতে হয়েছে। প্রক্রিয়াটি চিন্তাপূর্ণ এবং সুসংহত ছিলো যাতে করে সৃজনশীল প্রকল্পের প্রস্তাবনাকে অনুপ্রাণিত করতে পারে এবং সম্প্রদায়ের সম্পৃক্ততা সর্বাধিক হয়। আমি টোনাওয়ান্ডা সম্প্রদায়ের সাথে অংশীদারিত্ব করার জন্য স্টেটকে ধন্যবাদ জানাই, এবং এমন অর্থপূর্ণ উপায়ে এই অর্থকে পুনরায় বিনিয়োগ হতে দেখে কৃতজ্ঞ।"
টোনাওয়ান্ডা সম্প্রদায়কে ভৌগলিকভাবে টোনাওয়ান্ডা টাউন, টোনাওয়ান্ডা শহর, উত্তর টোনাওয়ান্ডা, এবং কেনমোর গ্রাম এবং সেই সাথে গ্র্যান্ড আইল্যান্ডের দক্ষিণ অংশ ও বাফেলোর রিভারসাইড এলাকা হিসেবে সংজ্ঞায়িত করা যায়।
অনুদান বিভক্ত হয়েছে ক্ষুদ্র থেকে মধ্যম আকারের প্রকল্পের জন্য, যার সীমা হলো 5,000 মার্কিন ডলার থেকে 25,000 মার্কিন ডলার, এবং বড় আকারের প্রকল্পের জন্য, যার সীমা হলো 25,001 মার্কিন ডলার থেকে 250,000 মার্কিন ডলার।

ক্ষুদ্র থেকে মধ্যম আকারের বিজয়ীরা হলো:

- সিটিজেন কোয়ালিশন ফর ওয়াইল্ডলাইফ অ্যান্ড এনভায়রনমেন্ট (Citizen Coalition for Wildlife and Environment), "প্ল্যান্ট ফর নেচার! ইকোলজিক্যাল গার্ডেনিং ফর কমিউনিটি হেলথ অ্যান্ড নেটিভ প্ল্যান্ট গিভঅ্যাওয়ে (Plant for Nature! Ecological Gardening for Community Health and Native Plant Giveaway," 11,900 মার্কিন ডলার;
- সিটিজেন সাইন্স কমিউনিটি রিসোর্সেস (Citizen Science Community Resources), "কমিউনিটি ভিক্টরি গার্ডেন (Community Victory Garden)," 24,908 মার্কিন ডলার;
- ইরি কাউন্টি ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্ট অ্যান্ড প্ল্যানিং (Erie County Department of Environment and Planning), "সাবসিডাইজড কমিউনিটি রেইন ব্যারেল/কম্পোস্ট বিন সেল (Subsidized Community Rain Barrel/Compost Bin Sale)," 25,000 মার্কিন ডলার;

- কেনমোর ভিলেজ ইমপ্রুভমেন্ট সোসাইটি (Kenmore Village Improvement Society), "ট্রেজার আওয়ার ট্রিজ অ্যান্ড সেভ দ্য বিজ (Treasure Our Trees and Save the Bees)," 10,000 মার্কিন ডলার;
- টোনাওয়ান্ডা টাউন পাবলিক লাইব্রেরি (Town of Tonawanda Public Library), "রেইন গার্ডেন অ্যান্ড ওয়েলকামিং আউটডোর পাবলিক স্পেস অ্যাট কেনিলওয়ার্থ লাইব্রেরি (Rain Garden and Welcoming Outdoor Public Space at Kenilworth Library)," 9,000 মার্কিন ডলার;
- কেনমোর-টোনাওয়ান্ডা টাউন ইউনিয়ন ফ্রি স্কুল ডিস্ট্রিক্ট (Kenmore-Town of Tonawanda Union Free School District), "ট্রি প্ল্যানটিং অ্যান্ড বিউটিফিকেশন অ্যাট এডিসন এলিমেন্টারি স্কুল(Tree Planting and Beautification at Edison Elementary School)," 6,359 মার্কিন ডলার;
- টোনাওয়ান্ডা সিটি পাবলিক লাইব্রেরি (City of Tonawanda Public Library), "টোনাওয়ান্ডা সিটি পাবলিক লাইব্রেরি কমিউনিটি রিডিং গার্ডেন (City of Tonawanda Public Library Community Reading Garden)," 20,000 মার্কিন ডলার;
- ইরি কাউন্টি ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্ট অ্যান্ড প্ল্যানিং, "সিনিয়র ফোকাসড ই-ওয়েস্ট কালেকশন (Senior Focused E-Waste Collection)," 25,000 মার্কিন ডলার;
- টমাস এডিসন PTA (Thomas Edison PTA), "টমাস এডিসন প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন কমিউনিটি গার্ডেন (Thomas Edison Parent-Teacher Association Community Garden)," 25,000 মার্কিন ডলার;
- উত্তর টোনাওয়ান্ডার প্রজেক্ট প্রাইড, "ম্যানহাটন স্ট্রিট রেইন গার্ডেন ইম্প্রুভমেন্টস (Manhattan Street Rain Garden Improvements)," 12,440 মার্কিন ডলার।

বড় আকারের প্রকল্পের বিজয়ীরা হলো:

- টোনাওয়ান্ডা টাউন, "কেনি ফিল্ড পার্ক মাল্টি-ইউজ ট্রেইল, ইনক্লুসিভ প্লেগ্রাউন্ড অ্যান্ড ম্যুরাল ওয়াল (Kenney Field Park Multi-Use Trail, Inclusive Playground and Mural Wall)," 250,000 মার্কিন ডলার;
- পশ্চিম নিউ ইয়র্ক ল্যান্ড কঞ্জারভেন্সি (Western New York Land Conservancy), "ক্রিয়েটিং নিউ নেচার প্রিজার্ভস, ইম্প্রুভিং পাবলিক অ্যাক্সেস, রিস্টোরিং ওয়াল্ডলাইফ হ্যাবিটেট, অ্যান্ড অফারিং এনভায়রনমেন্টাল এডুকেশন (Creating New Nature Preserves, Improving Public Access, Restoring Wildlife Habitat, and Offering Environmental Education)," 160,777 মার্কিন ডলার;
- ক্লিন এয়ার কোয়ালিশন (Clean Air Coalition), "অর্গানাইজিং আওয়ার এনভায়রনমনেটাল জাস্টিস ভ্যালুজ ইন অ্যাকশন (Organizing Our Environmental Justice Values in Actio)," 99,000 মার্কিন ডলার; এবং
- নায়াগ্রা রিভার গ্রিনওয়ে কমিশন (Niagara River Greenway Commission), "বিল্ডিং স্টুয়ার্ডশিপ অ্যান্ড স্ট্রেন্থেনিং প্রাইড অফ দ্য গ্রেটার টোনাওয়ান্ডা কমিউনিটি (Building Stewardship and Strengthening Pride of the Greater Tonawanda Community)," 230,000 মার্কিন ডলার।

সিনেটর চার্লস শুমার বলেন, "অনেক দশক ধরে, টোনাওয়ান্ডা কোক আইন ভঙ্গ করেছে এবং আমাদের বাতাস ও মাটিকে দূষিত করে পশ্চিম নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্যকে ঝুঁকিগ্রস্ত করেছে। আমি গর্বিত যে আমি অনেক বছর ধরে সম্প্রদায়ের পাশে লড়াই করেছি তাদের দায়ী করার জন্য এবং আরো গর্বিত যে এই অর্থ টোনাওয়ান্ডার পুনরুদ্ধার ও বিকাশকে জোরদার করতে ব্যবহৃত হতে দেখতে পারছি। আমাদের পরিবেশকে পরিষ্কার রাখতে এবং পশ্চিম নিউ ইয়র্কবাসীর জীবন উন্নত করতে এইসব যোগ্য প্রকল্প তাদের প্রাপ্য বিনিয়োগ পাবে।"

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "আমি এই ঘোষণা করতে পেরে অত্যন্ত আনন্দিত যে এই উল্লেখযোগ্য মীমাংসার তহবিলটি টোনাওয়ান্ডা সম্প্রদায়ের পুনরুজ্জীবনের কাজে ব্যবহার করা হবে। যেহেতু আমরা টোনাওয়ান্ডা কোক সাইটের পরিবেশ সংক্রান্ত বিস্তারের বিরুদ্ধে লড়াইয়ে অগ্রগতি করছি, তাই আমি আত্মবিশ্বাসী যে নতুন এই প্রকল্পগুলি আশেপাশের সম্প্রদায়সমূহের জন্য উল্লেখযোগ্য সুবিধা নিয়ে আসবে। আমাদের পরিবেশের স্বাস্থ্যের থেকে বেশি জরুরি আরো কোনও ব্যাপার নেই, এবং আমি সবসময় দূষণকারীদের দায়ী রকার পক্ষে কথা বলবো।"

কংগ্রেসম্যান ব্রায়ান হিগিন্স বলেন, "টোনাওয়ান্ডা কোক ক্রমিক দূষণকারী ছিলো যাদের বেপরোয়া কার্যকলাপ আশেপাশের বাসিন্দা ও এলাকার স্বাস্থ্যকে প্রভাবিত করেছে। যদিও এর বিরুদ্ধে কথা বলা ও দাবি করা বাসিন্দাদের কল্যাণে টোনাওয়ান্ডা কোক এখন আর নেই, সম্প্রদায়টিতে এখনো কোম্পানিটির বিধ্বংসী অতীতের চিহ্ন রয়ে গেছে। এটি টোনাওয়ান্ডা, গ্র্যান্ড আইল্যান্ড এবং রিভারসাইডের জন্য একটি নতুন অধ্যায় শুরু করলো, এমন একটি অধ্যায় যা বাসিন্দাদের জন্য পরিষ্কার ও সবুজ জনসাধারণের ব্যবহারের স্থান তৈরি ও উপভোগের সুযোগ সৃষ্টি করে দেয়।"

সিনেটর টিম কেনেডি বলেন, "অনেক বছর ধরে, পশ্চিম নিউ ইয়র্কের বাসিন্দারা টোনাওয়ান্ডা কোকের সৃষ্ট দূষণের কারণে ভুগেছে। অনুদানগুলি এবং নিউ ইয়র্ক স্টেট বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য আরো পরিচ্ছন্ন, স্বাস্থ্যকর পরিবেশ প্রদানে সাহায্য করছে। ধন্যবাদ গভর্নর হোকল, অ্যাটর্নি জেনারেল জেমস, এবং গ্রেটার বাফেলোর কমিউনিটি ফাউন্ডেশনকে, জরুরি এই প্রকল্পটিকে ফলপ্রসূ করতে তাদের সম্মিলিত নেতৃত্বের জন্য।"

সিনেটর শন রায়ান বলেন, "টোনাওয়ান্ডা কোক পয়েন্ট প্ল্যান্ট অনেক বছর ধরে অবৈধভাবে আশেপাশের সম্প্রদায়কে দূষিত করেছে, এবং যদিও সাইটটির চলমান পুনর্বাসন প্রক্রিয়া গুরুত্বপূর্ণ, হয়ে যাওয়া ক্ষতি মেটানোর জন্য এটি যথেষ্ট নয়। আমি গভর্নর হোকল এবং অ্যাটর্নি জেনারেল জেমসকে এই তহবিল প্রদানের জন্য ধন্যবাদ জানাচ্ছি, যা যথার্থভাবেই প্ল্যান্টটির দূষণ দ্বারা ক্ষতিগ্রস্ত অঞ্চলে বিনিয়োগ করা হচ্ছে। অনুদানগুলির ফলে টোনাওয়ান্ডার মানুষ তাদের নিজেদের এলাকার পরিবেশগত সমস্যা সমাধানে বাস্তবিক ব্যবস্থা নিতে পারবে। অনুদানগুলি ব্যাপক বিস্তৃতির সৃজনশীল প্রকল্প শুরু করবে, এবং প্রতিটি পরিবেশগত সুস্থতা প্রচার করতে এবং টোনাওয়ান্ডা সম্প্রদায়কে মজবুত করতে নিজেদের দায়িত্ব পালন করবে। এতগুলি প্রস্তাবনা জমা হতে দেখা এবং এত বেশি বাসিন্দাকে ভোট প্রক্রিয়ায় জড়িত হতে দেখা সত্যিই মর্মস্পর্শী ছিলো। আমি প্রকল্পগুলিকে কার্যকর হতে দেখার জন্য অপেক্ষা করছি।"

নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলিম্যান বিল কনর‍্যাড বলেন, "টোনাওয়ান্ডা কমিউনিটি এনভায়রনমেন্টাল বেনিফিট কর্মসূচি হলো টোনাওয়ান্ডা কোক ও এটি নাগরিকদের উপর দূষণের যে বোঝা চাপিয়ে দিয়েছে সেই দুঃখজনক গল্পের একটি বিজয়ী ঘুরে দাঁড়ানোর মুহূর্তের প্রতিনিধি। জুন মাসে প্ল্যান্টটির স্ট্যাক ভেঙে ফেলা থেকে শুরু করে এই অনুদান পাওয়া পর্যন্ত, আমরা দেখছি যে ক্ষমতাসীন মানুষ পদক্ষেপ নিচ্ছে। তহবিল, এবং এটি বিতরণের প্রক্রিয়া, এই কাহিনীর প্রতিদিনের নায়কদের: যারা হলো সক্রিয়কর্মী, বিজ্ঞানী, স্থানীয় নেতৃবৃন্দ, এবং সেই সব পরিবার যারা বছরের পর বছর ধরে কর্পোরেট জবাবদিহিতা এবং আমাদের সকলের জন্য আরো স্বাস্থ্যকর পরিবেশ দাবি করেছে। তাদের কঠিন লড়াইয়ের পর পাওয়া বিজয়কে এখন সম্মান জানানো হবে, এবং তাদের প্রভাব অমর হয়ে থাকবে এই মূল্যবান প্রকল্পগুলির মাধ্যমে। আমি DEC এবং অ্যাটর্নি জেনারেল, গ্রেটার বাফেলোর কমিউনিটি ফাউন্ডেশন, এবং নিবেদিত সম্প্রদায়ের উপদেষ্টাদের প্রশংসা করছি যারা টোনাওয়ান্ডা কমিউনিটি EBP-কে এতটা সফল করেছে।"

অ্যাসেম্বলি সদস্য জন ডি. রিভেরা বলেন, "আমি গভর্নর হোকল এবং অ্যাটর্নি জেনারেল জেমসের প্রশংসা করছি মীমাংসা তহবিলের প্রায় 1 মার্কিন ডলার এমন প্রকল্পে প্রদান করার জন্য যেগুলি পশ্চিম নিউ ইয়র্কের বাসিন্দাদের স্বাস্থ্য ও পরিবেশগত নিরাপত্তা দারুণভাবে উন্নত করবে। টোনাওয়ান্ডা কোকের করা পরিবেশ সংক্রান্ত লঙ্ঘন মারাত্মক ছিলো, এবং জলবায়ু পরিবর্তনে দায়ী সর্ববৃহৎ কর্পোরেটদের যে এর ব্যয় বহন করা উচিত এই বিতর্কে এটি আরো যুক্তি যোগ করে। এই মীমাংসার ফলে গভর্নর ও অ্যাটর্নি জেনারেল যে তহবিল নিশ্চিত করেছেন তা স্থানীয়ভাবে আমাদের বাতাস ও ওয়াটারওয়ে পরিষ্কার করার চেষ্টা বৃদ্ধি করবে, এবং নিউ ইয়র্কবাসীদের জন্য সবুজটার স্টেট তৈরির কাজে সাহায্য করবে।"

ইরি কাউন্টি নির্বাহী মার্ক সি. পোলঙ্কার্জ বলেন, "টোনাওয়ান্ডা কোক কমিউনিটি বেনিফিট কর্মসূচিটি অনেক চিন্তা করে নকশা করা হয়েছে যাতে টোনাওয়ান্ডা কোক যেখানে অবস্থিত ছিলো সেখানকার সম্প্রদায় স্থানীয় পরিবেশের জন্য লাভজনক প্রকল্প নির্বাচন করতে পারে।ইরি কাউন্টি প্রকল্পগুলিতে কাজ করার জন্য উন্মুখ এবং একইসাথে আমরা সাইটটি পরিষ্কার করা নিশ্চিত করতে টাউন ও স্টেট সরকারে আমাদের অংশীদারদের সাথে কাজ করে যাচ্ছি।"

টোনাওয়ান্ডা টাউনের সুপারভাইজার জোসেফ এমিংগার বলেন, "টাউনকে ও অলাভজনক সংস্থাগুলিকে প্রদত্ত তহবিল ব্যবহৃত হবে আগামী অনেক দশকের জন্য আমাদের সম্প্রদায়ের শারীরিক ও মানসিক স্বাস্থ্য উন্নয়ন করতে এবং আমার মতে এর প্রভাবকে খাটো করে দেখা যাবে না। এছাড়াও আমি টাউনের বাসিন্দাদের কথা মাথায় রাখার জন্য গ্রেটার বাফেলোর কমিউনিটি ফাউন্ডেশন এবং DEC-র প্রতি টাউনের কৃতজ্ঞতা জানাতে চাই।"

প্রাক্তন টোনাওয়ান্ডা কোক সাইটটি নিউ ইয়র্ক স্টেট সুপারফান্ড ও ব্রাউনফিল্ড ক্লিনআপ কর্মসূচির অধীনে সংস্কার করা হচ্ছে, এবং পরিষ্কার করার প্রকল্পগুলি জনস্বাস্থ্য ও পরিবেশকে রক্ষা করবে তা নিশ্চিত করার জন্য DEC কঠোর পর্যবেক্ষণ করছে। আরো তথ্যের জন্য, ভিজিট করুন DEC ওয়েবসাইট DEC সার্বিকভাবে প্রাক্তন টোনাওয়ান্ডা কোক ফ্যাসিলিটি দূষণ সমাধানে নতুন চুক্তি ঘোষণা করলো - নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন। টোনাওয়ান্ডা সম্প্রদায়কে ভৌগলিকভাবে টোনাওয়ান্ডা টাউন, টোনাওয়ান্ডা শহর,

উত্তর টোনাওয়ান্ডা, এবং কেনমোর গ্রাম এবং সেই সাথে গ্র্যান্ড আইল্যান্ডের দক্ষিণ অংশ ও বাফেলোর রিভারসাইড এলাকা হিসেবে সংজ্ঞায়িত করা যায়। টোনাওয়ান্ডা কমিউনিটি EBP-র ব্যাপারে আরো তথ্য যেমন প্রক্রিয়া, আবেদনকারীদের প্রস্তাবনা এবং সম্প্রদায়ের পছন্দের ফলাফলের জন্য ভিজিট করুন TonawandaFund.org। বিষয়টি পরিচালিত হয়েছে পরিবেশ সুরক্ষা ব্যুরো চিফ লেমুয়েল এম. স্রোলভিকের তত্ত্বাবধানে ব্যুরোর নীতি উপদেষ্টা পিটার সি. ওয়াশবার্ন দ্বারা। পরিবেশ সুরক্ষা ব্যুরো হলো সামাজিক ন্যায়বিচার বিভাগের একটি অংশ যার নেতৃত্ব প্রদান করেন চিফ ডেপুটি অ্যাটর্নি জেনারেল মেগান ফক্স।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন